১নং চেহেলগাজী ইউনিয়ন পরিষদের আগষ্ট/২০২৩ মাসের ইউনিয়ন উন্নয়ন সমন্বয় সভার কার্যবিবরণী

সভাপতি:-মো:আনিছুর রহমান বাদশা
চেয়ারম্যান,
১নং চেহেলগাজী ইউনিয়ন পরিষদ
দিনাজপুর সদর,দিনাজপুর।

সভার তারিখ:- ২৩/০৮/২০২৩খ্রি.
সভার সময়:-সকাল ১০:০০
সভার স্থান:-ইউনিয়ন পরিষদ সভা কক্ষ।

উপস্থিত ও অনুপস্থিত সদস্যবৃন্দের তালিকা পরিশিষ্ট 'ক"-তে দেখানো হলো:

সভায় উপস্থিত সকল সদস্যকে স্বাগত জানিয়ে সভাপতি সভার কাজ শুরু করেন। এবং ইউপি সচিবকে সভা পরিচালনার জন্য অনুরোধ করেন। সভাপতির অনুমতিক্রেম ইউ,পি সচিব নির্ধারিত আলোচ্য সূচি অনুযায়ী সভার বিষয়বস্তু উপস্থাপন করেন। নির্ধারিত আলোচ্য সূচি সমুহ নিয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। সভার আলোচনা ও সিদ্ধান্তসমুহ নিম্নরূপঃ

| ক্রঃ নং | বিভাগ/দপ্তরের নাম | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত |
|---|---|---|---|---|
| ১ | | বিগত সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন। | ইউপি সচিব, ১নং চেহেলগাজী ইউপি, সদর, দিনাজপুর বিগত সভার কার্যবিবরণী পাঠ করে শুনান। কার্যবিবরণীর উপর বিশদ আলোচনা করা হয়। | আলোচনান্তে কোন সংশোধনী না থাকায় তা সর্বসম্মতিক্রমে অনুমোদিত হয়। |
| ২.১ | কৃষি বিভাগ | ইউপির বিভিন্ন বিভাগের কাজের বাস্তবায়ন ও অগ্রগতি পর্যালোচনা। | মোছা: ফজিলা খাতুন, উপ-সহকারী কৃষি কর্মকর্তা সভায় জানান যে, তাদের কার্যক্রম বিধি মোতাবেক পরিচালিত হচ্ছে। কৃষি বিভাগ কর্তৃক কৃষক ভাইদের জন্য প্রদত্ত প্রনোদনা কৃষক ভাইদের যথানিয়মে প্রদান করা হয়েছে। বর্তমান সারের কোন সমস্যা নাই। কৃষক ভাইদের নিয়মিত পরামর্শ প্রদান করা হচ্ছে। | উপ সহকারী কৃষি কর্মকর্তাগণকে বিধি মোতাবেক কার্যক্রম পরিচালনা ও কৃষক ভাইদের নিয়মিত পরামর্শ প্রদান করার জন্য নির্দশনা প্রদান করা হয়। |
| ২.২ | প্রাণিসম্পদ বিভাগ | ঐ | প্রাণি সম্পদ সহকারী সভায় জানান যে, তার বিভাগের কার্যক্রম বিধি মোতাবেক পরিচালিত হচ্ছে। প্রতি মাসে ৮৮ টি করে গাভীকে উন্নত প্রযুক্তির সিমেন প্রদান করা হচ্ছে। প্রতিটি সিমের সরকারী মূল্য =৫০ টাকা । তবে সেবাটি বাড়ীতে গিয়ে প্রদান করায় =১৫০ থেকে =২৫০ টাকা নেওয়া হয়ে থাকে। | প্রাণি সম্পদ সহকারীকে কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার জন্য প্রাণি সম্পদ সহকারীকে অনুরোধ করা হয়। এবং সিমেন ফি ১৫০ টাকার মধ্যে সীমাবদ্ধ রাখার জন্য অনুরোধ করা হয়। |

Badsha

| | | | | |
|---|---|---|---|---|
| ২.৩ | স্বাস্থ্য বিভাগ | ঐ | তানিয়া আকতার,পরিবার কল্যাণ পরিদর্শিকা সভায় জানান যে, তাদের বিভাগীয় কার্যক্রম ভালভাবে চলছে। বর্তমানে গর্ভবতীদের নিয়মিত চেক আপ করা হচ্ছে এবং তাদের জন্য প্রয়োজনীয় ঔষধ সরবরাহ করা হয়। গর্ভবতীদের স্বাস্থ্য সম্পর্কে সচেতনতা প্রদানের পাশাপাশি জন্ম নিয়ন্ত্রণ পদ্ধতির বিষয়ে পরামর্শ দেওয়া হয়। | স্বাস্থ্য পরিদর্শককে বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার জন্য অনুরোধ করা হয়। এছাড়া সিসি সমূহের কার্যক্রম যথাযথ ভাবে তদারকির অনুরোধ করা হয়। |
| ২.৪ | পরিবার পরিকল্পনা বিভাগ | ঐ | পরিবার পরিকল্পনা পরিদর্শক জানান যে, তাদের বিভাগীয় কার্যক্রম ভালভাবে চলছে। ৪ টি কমিউনিটি ক্লিনিকে রোগীদের নিয়মিত সেবা প্রদান করা হচ্ছে। এছাড়া শিশুদের টিকা গ্রহণের সময় অভিভাবকদের জন্ম সনদ নিয়ে আসার জন্য অনুরোধ করা হচ্ছে। | এফ ডাব্লিউ সি এর কার্যক্রম সহ বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার জন্য পরিবার পরিকল্পনা পরিদর্শককে অনুরোধ করা হয়। |
| ২.৫ | জনস্বাস্থ্য বিভাগ | ঐ | নলকুপ মেকানিক সভায় অনুপস্থিত থাকায় তার বিভাগের কার্যক্রম জানা যায়নি। | নলকুপ মেকানিকস কে পরবর্তী সভায় উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হয়। |
| ২.৬ | সমাজসেবা বিভাগ | ঐ | সমাজকর্মী সভায় অনুপস্থিত থাকায় তাদের বিভাগীয় বিভাগের কার্যক্রম জানা যায়নি। । | ইউনিয়ন সমাজকর্মীকে পরবর্তী সভায় উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হয়। |
| ২.৭ | মৎস্য বিভাগ | ঐ | ইউনিয়ন মৎস্য সহকারী, অনুপস্থিত থাকায় তার বিভাগীয় কার্যক্রম সম্পকে জানা যায়নি। | মৎস্য সহকারীকে পরবর্তী সভায় উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হয়। |
| ২.৮ | আনছার ও ভিডিপি বিভাগ | ঐ | পলাশ চন্দ্র রায়,ইউনিয়ন দলপতি সভায় জানান যে, বিভাগীয় কার্যক্রম ভালভাবে চলছে। বর্তমানে এলাকার আইনশৃংঙ্খলা পরিস্থিতি ভলো। আনছার ও ভিডিপির সদস্যগণ ইউনিয়নের আইনশৃংঙ্খলা রক্ষায় গ্রাম পুলিশ সহায়তা করে থাকেন। | আনছার ও ভিডিপি'র বিভাগীয় কার্যক্রম ভালভাবে বাস্তবায়নের জন্য ইউনিয়ন দলপতিকে অনুরোধ করা হয়। |
| ২.৯ | এলজিইডি বিভাগ | ঐ | উপ-সহকারী প্রকৌশলী,এলজিইডি ও কমিউনিটি অর্গানাইজার মোছাঃ পারভীন সুলতানা অনুপস্থিত থাকায় তার বিভাগের কার্যক্রম সম্পর্কে জানা যায়নি। | উপ-সহকারী প্রকৌশলী,এলজিইডি ও কমিউনিটি অর্গানাইজারকে পরবর্তী সভায় উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হয়। |

Sadik

| | | | | |
|---|---|---|---|---|
| ২.১০ | বিআরডিবি | ঐ | পরিদর্শক,সভায় জানান যে,বিআরডিবি কর্তৃক ক্ষুদ্র ঋণ বিতরন কার্যক্রম চলমান আছে। তিনি ঋণ আদায়ে সকল সদস্যদের সহযোগীতা কামনা করেন। | পরিদর্শককে, বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার জন্য অনুরোধ করা হয়। এছাড়া সকল ইউপি সদস্যকে মাঠ পর্যায়ের কার্যক্রম বাস্তবায়নে সহযোগীতা করার জন্য অনুরোধ করা হয়। |
| ২.১১ | বিবাহ নিবন্ধক | ঐ | মোঃ মকলেছুর রহমান, ম্যারিজ রেজিষ্টার ও কাজী সভায় জানান যে, বর্তমান মাসে বিবাহ-২৩টি ও তালাক-৫টি সম্পন্ন হয়েছে। | ম্যারিজ রেজিস্টার ও কাজীকে বিধি মোতাবেক কার্যক্রম পরিচালনার জন্য অনুরোধ করা হয়। |
| ২.১২ | শিক্ষা | ঐ | রতন রায়,সহশিক্ষক জানান যে, তার বিদ্যালেয়র কার্যক্রম বিধি মোতাবেক পরিচালিত হচ্ছে। | বিধি মোতাবেক তার শিক্ষা প্রতিষ্ঠানের কার্যক্রম পরিচালনার জন্য অনুরোধ করা হয়। |
| ২.১৩ | এনজিও কার্যক্রম | ঐ | গ্রাম বিকাশ প্রতিনিধি দিনাজপুর সভায় জানান যে, তার সংস্থার কার্যক্রম ভালভাবে পরিচালিত হচ্ছে। গ্রাম বিকাশ কেন্দ্র ক্ষুদ্র নৃ-গোষ্ঠীর জীবন মান উন্নয়ন কাজ করে থাকে। সভায় সার্বিক অবস্থা তুলে ধরেণ। | বিধি মোতাবেক কার্যক্রম পরিচালনার জন্য এনজিও প্রতিনিধিকে অনুরোধ করা হয়। |
| ৩ | ইউনিয়ন পরিষদ | ডেঙ্গু সহ অন্যান্য মশা বাহিত রোগের প্রতিরোধে আলোচনা ও সিদ্ধান্ত | আলোচনারে শুরুতে সভাপতি জানান যে, ডেঙ্গুসহ অন্যান্য মশাবাহিত রোগের প্রদূর্ভাব হওয়ায় জনগণকে সচেতন করা সহ এ বিষয়ে দ্রুত পদক্ষেপ গ্রহণের প্রয়োজনীয়তা রয়েছে এ বিষয়ে সকল ওয়ার্ড সদস্যগণের মতামত সহ সার্বিক সহযোগীতা কামনা করা হয় । বিস্তারিত আলোচনায় ডেঙ্গু সহ অন্যান্য মশাবাহিত রোগ প্রতিরোধ কার্যক্রম গ্রহণের বিষয় আলোচনা করা হয়। | বিস্তারিত আলোচনায় ডেঙ্গুসহ মশাবাহিত রোগ প্রতিরোধে নিম্ন লিখিত কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত সর্বসম্মত ভাবে গৃহীত ও অনুমোদিত হয়।<br><br>(১) গ্রাম ও ওয়ার্ড পর্যায়ে ডেঙ্গু সহ অন্যান্য মশাবাহিত রোগের প্রতিরোধে পরিস্কার পরিচ্ছন্নতা কার্যক্রম গ্রহণ।<br>(২) গ্রামের ড্রেন সমূহ পরিস্কার করণ ও ব্লিচিং পাউডার ছিটানো।<br>(৩) ফোগার মেশিন দ্বারা ওয়ার্ড পর্যায়ের |

| | | | | |
|---|---|---|---|---|
| | | | | অফিস ও গুরুত্বপূর্ন স্থানে ডেঙ্গু ও অন্যান্য মশাবাহিত রোগ প্রতিরোধে মশা নাশক বিষ স্প্রে।<br>(৪) বাড়ীর উঠান সহ বাগান পরিস্কার পরিচ্ছন্ন রাখতে সচেতনতা মূলক সভা। |
| ৪ | ইউনিয়ন পরিষদ | স্থানীয় সরকার দিবস পালনের আলোচনা ও সিদ্ধান্ত | আলোচনান শুরুতে স্থানীয় সরকার দিবস পালনের জন্য কর্ম পরিকল্পনা গ্রহণের জন্য সভায় আলোচনা উপস্থাপন করা হয়। এবারই প্রথম " জাতীয় স্থানীয় সরকার দিবস" ৫ সেপ্টেম্বর এর পরিবর্তে ১৪ সেপ্টেম্বর পালনের সিদ্ধান্ত জাতীয় ভাবে গৃহীত হয়েছে। এছাড়া ১৭-১৯ সেপ্টেম্বর দিনটি স্থানীয় ভাবে পালনের জন্য নির্দেশনা প্রদান করা হয়েছে। এছাড়া আগামী বছরের ২৫ শে ফেব্রুয়ারি তারিখে খ' শ্রেণিভুক্ত জাতীয় দিবস হিসেবে দিবসটি পালনের জন্য নির্দেশনা প্রদান করা হয়েছে। দিনটি জাকজমক পূর্ণ ভাবে পালন করার বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। এবং আলোচনায় জাতীয় স্থানীয় সরকার দিবস পালনে কর্ম পরিকল্পনা প্রনয়নের বিষয়ে সকলে একমত পোষণ করেন। | বিস্তারিত আলোচনান্তে জাতীয় স্থানীয় সরকার দিবস পালনের জন্য নিম্ন লিখিত কর্ম পরিকল্পনা বাস্তবায়নের সিদ্ধান্ত সর্ব সম্মতভাবে অনুমোদিত হয়।<br>(১) স্থানীয় সরকার দিবস উপলক্ষ্যে লিফলেট বিতরণ।<br>(২) ওয়ার্ড পর্যায়ে র‍্যালী ও অলোচনা সভা।<br>(৩) ইউনিয়ন পর্যায়ে র‍্যালী ও দিনটির তাৎপর্য তুলে ধরে অলোচনা সভা<br>(৪) ইউনিয়নের উন্নয়ন মূলক কার্যক্রম সম্পর্কে জন সাধারণকে অবহিত করণ।<br>(৫) সরকারের উন্নয়ন মূলক কার্যক্রমের ভিডিও প্রদর্শন। |

আর কোন আলোচনা না থাকায় সকলকে ধন্যবাদ ও আগামী সভায় উপস্থিত থাকার আহবান জানিয়ে সভার সমাপ্তি ঘোষনা করা হয়।

(মোঃআনিছুর রহমান বাদশা)
সভাপতি
ইউনিয়ন উন্নয়ন সমন্বয় কমিটি
ও
চেয়ারম্যান
১নং চেহেলগাজীইউপি,
সদর,দিনাজপুর।